গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল-অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-এলজিইডি/এসই(IWRMU-P&D)/(GAD)/এন-০২/২০১৮/২৮২

তারিখ:৩০/০১/২০১৮ইং।

বিষয়: আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ এর ১ম সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত কমিটির ১ম সভা গত ২৯ জানুয়ারি ২০১৮, সকাল ১০:০০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ খলিলুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি' ২০১৮। উপস্থিত সকলের অবগতির জন্য তিনি উল্লেখ করেন যে, প্রধান প্রকৌশলী মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতি বারের ন্যায় এবারেও এলজিইডি'তে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করা হবে এবং জেলা পর্যায়ে দিবসটি উদ্‌যাপনের জন্য ইতোঃমধ্যে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করা হয়েছে। অতঃপর সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি অত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-১)।

সভায় সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচনের বিষয়টি উল্লেখ করেন এবং মাঠ পর্যায় থেকে সুফলভোগী নারীদের তথ্যাদি সেক্টর ভিত্তিক সংগ্রহ করার জন্য 'মানদণ্ড ছক' সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং উপস্থিত সকলের ঐক্যমতে নগর উন্নয়ন সেক্টরের 'মানদণ্ড ছক'-কে standard ধরে পল্লী উন্নয়ন সেক্টর ও পানি সম্পদ উন্নয়ন সেক্টরের 'মানদণ্ড ছক' সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সংশোধনের কাজটি যত দ্রুত সম্ভব সম্পাদন করার জন্য জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II; জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি ও জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি'কে অনুরোধ জানানো হয়। অতঃপর সেক্টর ভিত্তিক সংশোধিত 'মানদণ্ড ছক' মাঠ পর্যায়ে আগামী ০১/০২/২০১৮ইং তারিখের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি সেক্টর ভিত্তিক শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচন করার জন্য মূল্যায়ন কমিটি নিম্নরূপভাবে সভায় গঠন করা হয়:

পল্লী উন্নয়ন সেক্টর:

| | | |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) | আহবায়ক |
| ২। | প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II | সদস্য |
| ৩। | জনাব নাজমা খানম, সিনিয়র সহকারী প্রকৌশলী, বৃহত্তর খুলনা প্রকল্প | সদস্য |
| ৪। | জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি | সদস্য |
| ৫। | জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, এসআরআইআইপি | সদস্য-সচিব |

পানি সম্পদ উন্নয়ন সেক্টর:

| | | |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-ওএন্ডএম) | আহবায়ক |
| ২। | প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি | সদস্য |
| ৩। | জনাব মোঃ সানিউল হক, উপ-প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি | সদস্য |
| ৪। | জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এইচআইএলআইপি | সদস্য |
| ৫। | জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি | সদস্য-সচিব |

নগর উন্নয়ন সেক্টর:

| | | |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) | আহবায়ক |
| ২। | প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III | সদস্য |
| ৩। | জনাব ফারহানা লিমা, সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা | সদস্য |
| ৪। | জনাব প্রিয়াংকা নাথ, সহকারী প্রকৌশলী, জেন্ডার ইউনিট (প্রস্তাবিত) | সদস্য |
| ৫। | জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি | সদস্য-সচিব |

সেক্টর ভিত্তিক উপরোক্ত মূল্যায়ন কমিটির সদস্য-সচিব নিজ নিজ কমিটির আহবায়কের নিকট হতে মাঠ পর্যায় থেকে আসা তথ্যাদি নির্ধারিত সময় অনুযায়ী সংগ্রহ করে মূল্যায়ন কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী'২০১৮ নির্বাচনের 'মানদণ্ড ছক' মাঠ পর্যায় হতে পূরণ করে আগামী ১২ ফেব্রুয়ারির মধ্যে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল বরাবর প্রেরণের সিদ্ধান্ত হয় এবং আগামী ১৮ ফেব্রুয়ারির মধ্যে পল্লী উন্নয়ন ও পানি সম্পদ উন্নয়ন সেক্টরের সুফলভোগী নারীদের তথ্যাদি যথাক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-ওএন্ডএম) বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

নগর উন্নয়ন সেক্টরের প্রকল্প পরিচালকগণ কর্তৃক আগামী ১৮ ফেব্রুয়ারির মধ্যে নগর উন্নয়ন সেক্টরের সুফলভোগী নারীদের তথ্যাদি তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আগামী ২৫ ফেব্রুয়ারির মধ্যে শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী নির্বাচন কাজ চূড়ান্ত করে জেন্ডার ও উন্নয়ন ফোরামে জমা দেয়ার জন্য সকল মূল্যায়ন কমিটিকে অনুরোধ করা হয় এবং উক্ত দিনে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ কর্তৃক সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) পল্লী ও পানি সম্পদ উন্নয়ন সেক্টরের মূল্যায়ন কমিটির আহ্বায়ক'কে উপরোক্ত সময়ের মধ্যে পূরণকৃত ছক সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করার ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, অঞ্চল এবং নগর উন্নয়ন সেক্টরের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পৌরসভা পর্যায়ে মনিটরিং করার অনুরোধ জানান।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি) এর নেতৃত্বে ক্রশিওর এবং ভিডিও তৈরী করার কাজ সম্পাদনের বিষয়ে তাঁকে সভায় অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি) জানান এবারের আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন উপলক্ষে ভিডিও হবে SDG এবং 7th five Years Plan এর উপর ভিত্তি করে। ফটোগ্যালারির জন্য বিদেশী সহায়তাপুষ্ট জেন্ডার কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণকে পত্র প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি) বলেন সম্মাননা, ক্রেষ্ট, প্রধান অতিথির বিষয়ে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনা করে ঠিক করতে হবে এবং ক্রেষ্ট এর ডিজাইন, লবিসহ অডিটোরিয়াম হল সজ্জা, আমন্ত্রণপত্র সংক্রান্ত দায়িত্ব জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ভবন রক্ষণাবেক্ষণ'কে দেয়া যেতে পারে। এ ছাড়াও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ এবং শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, ভবন রক্ষণাবেক্ষণ এর সমন্বয়ে অনুষ্ঠান ব্যবস্থাপনা উপ-কমিটি হিসেবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত উপ-কমিটিকে অনুষ্ঠান উদ্‌যাপনের বাজেট সংক্রান্ত আগামী ০১/০২/২০১৮ইং বৃহস্পতিবার বিকাল ৪:৩০ ঘটিকায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এর কক্ষে সভা করার অনুরোধ জানানো হয়।

এছাড়াও সকলের ঐক্যমতে নিম্নরূপ নির্দেশনা গৃহীত হয়:

**চলমান প্রকল্প এবং যেসব প্রকল্প বিগত পাঁচ বছরের মধ্যে সমাপ্ত, এমন প্রকল্পের সুফলভোগী নারীরা মনোনয়ন প্রদানের ক্ষেত্রে বিবেচিত হবেন এবং বিগত ০৩ (তিন) বছরে যাঁরা শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী হিসেবে সম্মাননা পেয়েছেন, তাঁরা এ বছর মনোনয়নের জন্য বিবেচিত হবেন না।**

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১/১৮

(মোঃ খলিলুর রহমান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮।

বিতরণ: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএম-পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। সৈয়দা আসমা খাতুন, সদস্য-সচিব, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। জনাব মোঃ সানিউল হক, উপ-প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব নাজমা খানম, সিনিয়র সহকারী প্রকৌশলী, বৃহত্তর খুলনা প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, এসআরআইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব ফারহানা লিমা, সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব প্রিয়াংকা নাথ, সহকারী প্রকৌশলী, জেন্ডার ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮, ঢাকা-১২০৭।